DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 14 Nov 2026, 07:22 PM

খেলা

আর্জেন্টিনা ভক্তদের □নির্লজ্জ□ বললেন ওমর সানী

প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগ্রহীত

মিশসের বিপক্ষে নাটকীয় ম্যাচ শেষে রেফারিং ও ভিএআর নিয়ে রীতিমতো বিতর্ক হচ্ছে। মিশরের কোচ হোসাম হাসান সরাসরি অভিযোগ তুলেছেন, বর্তমান বিশ্বচ্যাম্পিয়নদের সুবিধা দিতে এবং লিওনেল মেসিকে টুর্নামেন্টে টিকিয়ে রাখতে ম্যাচটিতে কারচুপি করা হয়েছে।

বিশ্বকাপে আর্জেন্টিনার নাটকীয় জয়কে ঘিরে যখন সামাজিক যোগাযোগমাধ্যমে উচ্ছ্বাস চলছে, তখন ভিন্ন সুরে কথা বললেন ঢাকাই চলচ্চিত্রের অভিনেতা ওমর সানী। একটি ভিডিও বার্তায় তিনি ফিফার সমালোচনার পাশাপাশি আর্জেন্টিনার কিছু সমর্থকের আচরণ নিয়েও ক্ষোভ প্রকাশ করেছেন।

ভিডিওতে ওমর সানী বলেন, তিনি নিজেও ফুটবলের একজন অনুসারী এবং অভিনয়ে আসার আগে নিয়মিত ফুটবল খেলতেন। দীর্ঘদিন ধরে বিশ্বকাপ দেখে আসছেন বলেও উল্লেখ করেন তিনি।

তিনি অভিযোগ করেন, ফিফা ইরান ও মিশরের সঙ্গে অন্যায় আচরণ করছে। তার ভাষায়, এমন কর্মকাণ্ড দুঃখজনক এবং প্রশ্নবিদ্ধ।

ব্যক্তিগতভাবে ব্রাজিলের সমর্থক ওমর সানী বলেন, ব্রাজিলের পরাজয় তিনি মেনে নিয়েছেন, কারণ তার মতে দলটি সেদিন ভালো খেলতে পারেনি। তবে আর্জেন্টিনার কিছু সমর্থকের বিজয় উদযাপনের ধরন তার ভালো লাগেনি।

তার ভাষায়, ব্রাজিল হেরেছে, আমি এটাকে অন্যায় বলি না। ব্রাজিল খারাপ খেলেছে, তাই হেরেছে। কিন্তু আর্জেন্টিনার কিছু নির্লজ্জ ভক্ত বিজয় উদযাপন করছে। এভাবে উল্লাস করার কোনো কারণ আমি দেখি না।

ভিডিওর আরেক অংশে ফিফাকে নিয়েও কঠোর মন্তব্য করেন এই অভিনেতা। তিনি দাবি করেন, বর্তমান পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যতে ফিফাকে নানা প্রশ্নের মুখোমুখি হতে হতে পারে।

তবে বক্তব্যের শেষ পর্যায়ে লিখেছেন নিজের মন্তব্যে কেউ কষ্ট পেয়ে থাকলে ক্ষমাও চান ওমর সানী। একই সঙ্গে তিনি স্পষ্ট করেন, লিওনেল মেসিকে তিনি ব্যক্তিগতভাবে পছন্দ করেন, তবে সেটি কোনো দলের সমর্থকদের সব আচরণের সঙ্গে একমত হওয়ার অর্থ নয়।

এ বিভাগের আরও খবর



হামজা-ফারহানের নৈপুণ্যে শ্রীলঙ্কাকে উড়িয়ে গ্রুপ চ্যাম্পিয়ন বাংলাদেশ

সাফ চ্যাম্পিয়নশিপে দারুণ এক জয় তুলে নিয়েছে বাংলাদেশ। হামজা চৌধুরী ও ফারহান আলী ওয়াহিদের নৈপুণ্যে শ্রীলঙ্কাকে ৪-০ গোলে হারিয়ে এ গ্রুপের চ্য...



গোলের খরা কাটাতে মোরছালিনকে ফেরানোর ভাবনা বাংলাদেশের

ভুটানের বিপক্ষে আক্রমণে আধিপত্য ছিল বাংলাদেশের। একের পর এক গোলের সুযোগও তৈরি হয়েছিল। কিন্তু সেসব সুযোগের বেশির ভাগই কাজে লাগাতে পারেনি দল। শ...



মিরপুর টেস্টে ৮ উইকেটে হারল বাংলাদেশ

মিরপুর টেস্টে ওয়েস্ট ইন্ডিজের কাছে ৮ উইকেটের বড় ব্যবধানে হেরেছে বাংলাদেশ। শনিবার (৩১ অক্টোবর) শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে চতুর্থ...



অস্ট্রেলিয়াকে রিকেলটনের চ্যালেঞ্জ, □জয় নয়তো হার□

জয় কিংবা পরাজয়□কোনোটির বাইরে অন্য কোনো ফল দেখতে চান না দক্ষিণ আফ্রিকার ব্যাটার রায়ান রিকেলটন। অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজের তৃতীয় ও শেষ টেস্ট...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/arjentina-bhktder-nirljj-bllen-omr-sani